রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৮, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**আদালত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩৭৩-আইন/২০২৫।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২১৪ এর—

(ক) উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ বিভাগে ময়মনসিংহ শ্রম আদালত স্থাপন করিল।

(খ) উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১১ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ২৫ মে, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নম্বর ১০৮-আইন/২০২২ রহিত করিয়া, নিম্নতফসিলের কলামে (২) এ উল্লিখিত শ্রম আদালতসমূহের এখতিয়ার কলাম (৩) এ উল্লিখিত জেলা, উপজেলা ও ক্ষেত্রমত, থানায় এতদ্দ্বারা নির্ধারণ ও পুন:নির্ধারণ করিল, যথা:—

**'তফসিল'**

| ক্রমিক নম্বর | শ্রম আদালতের নাম | এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | প্রথম শ্রম আদালত, ঢাকা | মানিকগঞ্জ, টাংগাইল, ঢাকা জেলার কেরাণীগঞ্জ, দোহার, সাভার, তেজগাঁও, নবাবগঞ্জ, ধামরাই, রমনা, গুলশান, শাহবাগ, শেরে বাংলানগর, পল্টন, কাফরুল, হাতিরঝিল ও বনানী থানা। |

| ক্রমিক নম্বর | শ্রম আদালতের নাম | এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২। | দ্বিতীয় শ্রম আদালত, ঢাকা | ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরিয়তপুর ও গোপালগঞ্জ জেলা এবং ঢাকা জেলার সবুজবাগ, কোতোয়ালী, মতিঝিল, সূত্রাপুর, ডেমরা, শ্যামপুর, খিলগাঁও, বংশাল, ওয়ারী, যাত্রাবাড়ী, কদমতলী, রামপুরা, বাড্ডা, গেন্ডারিয়া, শাহজাহানপুর, মুগদা ও ভাটারা থানা। |
| ৩। | তৃতীয় শ্রম আদালত, ঢাকা | ঢাকা জেলার লালবাগ, মোহাম্মদপুর, ধানমন্ডি, মিরপুর, পল্লবী, ক্যান্টনমেন্ট, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, হাজারীবাগ, কামরাঙ্গীরচর, নিউমার্কেট, আদাবর, শাহআলী, তুরাগ, খিলক্ষেত, কলাবাগান, দারুসসালাম, চকবাজার, তেজগাঁও শিল্পাঞ্চল, উত্তরখান, দক্ষিণখান, বিমানবন্দর, রূপনগর ও ভাষানটেক থানা। |
| ৪। | প্রথম শ্রম আদালত, চট্টগ্রাম | রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও চট্টগ্রাম জেলার আনোয়ারা, কর্ণফুলি, চন্দনাইশ, পটিয়া, ফটিকছড়ি, বাঁশখালি, সীতাকুন্ড, সন্দ্বীপ ও সাতকানিয়া উপজেলা এবং কর্ণফুলী, কোতোয়ালী, হালিশহর, খুলশী, বায়েজিদ বোস্তামী, আকবরশাহ, চকবাজার, পাঁচলাইশ ও পাহাড়তলী থানা। |
| ৫। | দ্বিতীয় শ্রম আদালত, চট্টগ্রাম | কক্সবাজার ও চট্টগ্রাম জেলার বোয়ালখালী, মীরসরাই, রাউজান, রাঙ্গুনিয়া, লোহাগড়া, হাটহাজারী উপজেলা এবং ডবলমুরিং, বাকলিয়া, সদরঘাট চান্দগাঁও, বন্দর, পতেঙ্গা ও ইপিজেড থানা। |
| ৬। | শ্রম আদালত, খুলনা | খুলনা বিভাগের সকল জেলা। |
| ৭। | শ্রম আদালত, রাজশাহী | রাজশাহী বিভাগের সকল জেলা। |
| ৮। | শ্রম আদালত, সিলেট | সিলেট বিভাগের সকল জেলা। |
| ৯। | শ্রম আদালত, বরিশাল | বরিশাল বিভাগের সকল জেলা। |
| ১০। | শ্রম আদালত, রংপুর | রংপুর বিভাগের সকল জেলা। |
| ১১। | শ্রম আদালত, নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী ও কিশোরগঞ্জ জেলা। |
| ১২। | শ্রম আদালত, গাজীপুর | গাজীপুর জেলা। |
| ১৩। | শ্রম আদালত, কুমিল্লা | কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলা। |
| ১৪। | শ্রম আদালত, ময়মনসিংহ | ময়মনসিংহ বিভাগের সকল জেলা। |

(গ) দফা (ক) এ উল্লিখিত শ্রম আদালতের কার্যক্রম আরম্ভ না হওয়া পর্যন্ত পূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত শ্রম আদালতে নূতন মামলা এমনভাবে দায়ের হইবে যেন উহা এই প্রজ্ঞাপনে বর্ণিত সংশ্লিষ্ট অধিক্ষেত্রভুক্ত শ্রম আদালতে দায়ের হইয়াছে।

(ঘ) দফা (খ) এ উল্লিখিত রহিতকৃত প্রজ্ঞাপন দ্বারা ইত:পূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত কোনো শ্রম আদালতে কোনো মামলা বা কার্যধারা বিচারাধীন বা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে চলমান থাকিবে ও নিষ্পন্ন হইবে যেন এই প্রজ্ঞাপন জারি করা হয় নাই।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুজ্জামান**
উপসচিব (আদালত)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd